গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
প্রশাসন-১ অধিশাখা।
www.powerdivision.gov.bd

বিষয়ঃ বিদ্যুৎ বিভাগের ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ মাহবুব-উল-আলম<br>অতিরিক্ত সচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসার |
| সভার তারিখ | : | ০৪-১০-২০১৫ খ্রি: |
| সভার সময় | : | বেলা ১১.০০ ঘটিকা |
| সভার স্থান | : | বিদ্যুৎ বিভাগের সম্মেলন কক্ষ, ভবন নং-০৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট-'ক'। |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর, ২৫-০৮-২০১৫ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়।

০২। সভায় প্রতিটি বিতরণ দপ্তর/সংস্থা/কোম্পানি তাদের প্রধান কার্যালয়ে গ্রাহক অভিযোগ কেন্দ্র স্থাপন করার বিষয়ে আলোচনা হয় যাতে গ্রাহক টেলিফোন, মোবাইল, ফ্যাক্স, ই-মেইল ও ক্ষুদে বার্তার মাধ্যমে বিদ্যুৎ বিষয়ক যেকোন অভিযোগ দাখিল করতে পারবে। পরবর্তীতে কর্তৃপক্ষ গ্রাহককে একটি প্রাপ্তি স্বীকার পত্র/বার্তা প্রেরণ করবে। অভিযোগের পরিপ্রেক্ষিতে কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে তা গ্রাহককে জানানোর বিষয়ে সভায় আলোচনা হয়। সকল বিতরণ দপ্তর/সংস্থা/কোম্পানি তাদের ওয়েবসাইটে কেন্দ্রীয় গ্রাহক অভিযোগ নম্বর (মোবাইল/টেলিফোন নম্বর) সংযোজন করতে হবে। গ্রাহক সরবরাহকৃত নম্বরে ফোন করলে তাঁর নিজ এলাকার অভিযোগ কেন্দ্রের নম্বর সরবরাহ করবেন। কেন্দ্রীয় গ্রাহক অভিযোগ কেন্দ্র গঠনের নমুনা (যদি থাকে) সংস্থা/কোম্পানিকে এ বিভাগে প্রেরণের জন্য পরামর্শ প্রদান করা হয়।

০৩। বিদ্যুৎ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা/কোম্পানির গঠিত ইনোভেশন টিমের সভা নিয়মিত সভা আহবান করার বিষয়ে আলোচনা হয়। সভায় প্রোগ্রামার জানান যে, ৬টি সংস্থা/কোম্পানি তাদের ইনোভেশন কমিটির সভা করেছেন এবং এর কার্যবিবরণী ই-মেইলে এ বিভাগে প্রেরণ করেছেন। সকল সংস্থা/কোম্পানির ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী বিদ্যুৎ বিভাগের প্রোগ্রামারের মেইল-এ প্রেরণ নিশ্চিত করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। প্রোগ্রামার প্রাপ্ত সকল কার্যবিবরণীর সার-সংক্ষেপ চিফ ইনোভেশন অফিসারের নিকট উপস্থাপনের ব্যবস্থা নিবেন।

০৪। এছাড়াও প্রতিটি দপ্তর/সংস্থা/কোম্পানির কর্মকর্তাদের ICT প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের জন্য বিস্তারিত আলোচনা হয়। ICT এর বিভিন্ন আইটেম (Hardware, Software, Networking ইত্যাদি) ভিত্তিক প্রশিক্ষণের Need Assessment প্রস্তুত করার জন্য আঞ্চলিক লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (আরপিএটিসি)/বিয়াম ফাউন্ডেশন/পরিকল্পনা একাডেমি/ইঞ্জিনিয়ারিং স্টাফ কলেজ ইত্যাদি প্রতিষ্ঠানের প্রশিক্ষণ মডিউল সংগ্রহ করতে বিদ্যুৎ বিভাগের প্রোগ্রামারকে পরামর্শ দেয়া হয়। আগামী সভায় প্রোগ্রামার বিদ্যুৎ বিভাগের অধীনস্থ সংস্থা/কোম্পানির আইসিটি প্রশিক্ষণ মডিউল প্রস্তুতপূর্বক তা সভায় উপস্থাপন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

০৫। বিদ্যুৎ বিভাগ ও আওতাধীন সকল দপ্তর/সংস্থার কর্মকর্তাদের আধুনিক প্রযুক্তি ও তার সর্বশেষ অগ্রগতি সম্পর্কে সম্যক ধারনা ও জ্ঞান আহরণের লক্ষ্যে বিভিন্ন বিষয়ভিত্তিক বই, সাময়িকী, জার্নাল ইত্যাদি (প্রয়োজনীয়) চাহিদা সম্পর্কে সভায় আলোচনা হয়। বিভিন্ন ওয়েবসাইট হতে বই, সাময়িকী, জার্নাল ইত্যাদি ডাউনলোড/পড়ার নিমিত্ত কর্পোরেট ইউজার সৃষ্টির জন্য সকল কার্যপদ্ধতি জনাব মোঃ সাজিবুল হক কে দায়িত্ব দেয়া হয়েছিল। কিন্তু এ বিষয়ে কোন

অগ্রগতির প্রতিবেদন পাওয়া যায়নি। পরবর্তী সভায় এ বিষয়ে অগ্রগতি জানানোর জন্য জনাব মোঃ সাজিবুল হক কে অনুরোধ জানানো হয়।

০৬। সভায় আরও জানানো হয় যে, বিদ্যুৎ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা/কোম্পানির জনবলের জন্য Unified PMIS সফটওয়্যারে ডাটা এন্ট্রির বিষয়ে আলোচনা হয়। বিদ্যুৎ উন্নয়ন বোর্ড প্রতিনিধি সভায় জানান যে, তাঁদের ডাটা এন্ট্রির কাজ চলমান আছে। পবিবো জানায় তাদের প্রধান কার্যালয়ের জনবলের তথ্য এন্ট্রি শেষ হয়েছে, তবে সমিতি সমূহের এন্ট্রি বাকি আছে। এ ক্ষেত্রে পিডিবি এবং পবিবোকে তাদের বাকি জনবলের তথ্য এন্ট্রির জন্য পরামর্শ দেয়া হয়। আগামী ১৫ই অক্টোবর, ২০১৫ তারিখের মধ্যে সকল দপ্তর/সংস্থা/কোম্পানিকে তাদের জনবলের তথ্য PMIS এ এন্ট্রি সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

০৭। বিদ্যুৎ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা/কোম্পানির ইনোভেশন টিমকে নতুন নতুন উদ্ভাবনী ধারণা উদ্ভাবনের জন্য তাগিদ দেয়া হয়। এক্ষেত্রে স্ব-স্ব সংস্থা/কোম্পানিসমূহ অধিকতর জনবান্ধব করার লক্ষ্যে সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের নিকট হতে উদ্ভাবনী ধারণা নিয়মিত প্রাপ্তির উদ্দেশ্যে টেন্ডার বক্সের অনুরুপ ইনোভেশন বক্স চালুর বিষয়ে পরামর্শ দেয়া হয়। সংগৃহীত নতুন আইডিয়াসমূহের মধ্য থেকে যাচাই বাছাইয়ের পর তা তালিকা আকারে প্রকাশ করতে হবে। সবচেয়ে ভাল আইডিয়াদাতাকে পুরস্কারের ব্যবস্থা করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

০৮। Online Application for New Connection বিষয়ে আলোচনা হয়। ডিপিডিসি, ডেসকো জানায় অনলাইন সফটওয়্যারের মাধ্যমে নতুন সংযোগ প্রক্রিয়া নিস্পত্তি করছে। পল্লী বিদ্যুতায়ন বোর্ড জানায় তাদের কিছু কিছু সমিতিতে অনলাইনে আবেদন গ্রহণ করা হচ্ছে, কিন্তু অনলাইনে নিস্পত্তি করা হচ্ছে না। সভাপতি সকল বিদ্যুৎ বিতরণ দপ্তর/সংস্থা/কোম্পানিকে অনলাইন মাধ্যমে নতুন বিদ্যুৎ সংযোগের আবেদন গ্রহণ এবং নিস্পত্তি করার বিষয়ে তাগিদ প্রদান করেন। এক্ষেত্রে গ্রাহকগণ অনলাইন/এসএমএস এর মাধ্যমে যাতে সহজেই তার আবেদনের বর্তমান অবস্থা জানতে পারে তার যথাযথ ব্যবস্থা গ্রহণের বিষয়ে তাগিদ দেয়া হয়।

০৯। বর্তমানে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, পিজিসিবি, ইজিসিবি, ডেসকো e-GP Portal এর মাধ্যমে ক্রয় প্রক্রিয়া সম্পন্ন করছে। বড় প্রকল্প তথা ২৪-৫০ কোটি টাকার মধ্যে e-GP Portal এর মাধ্যমে টেন্ডার সম্পন্ন করতে বিদ্যুৎ বিভাগের অনলাইন অনুমোদনের প্রয়োজন হয়। সেক্ষেত্রে অতিরিক্ত সচিব (উন্নয়ন)কে e-GP তে অনলাইন অনুমোদনের জন্য ইউজার আইডি ও পাসওয়ার্ড পাওয়ার লক্ষ্যে রেজিষ্ট্রেশনের উদ্যোগ গ্রহণের জন্য পত্র মারফত অনুরোধ জানানো হয়েছে মর্মে সভায় জানানো হয়। সভাপতি সকল দপ্তর/সংস্থা যাতে e-GP Portal এর মাধ্যমে Tender Process করতে পারে সে বিষয়ে কার্যক্রম গ্রহণের জন্য পরামর্শ প্রদান করেন।

১০। বিদ্যুৎ বিভাগের KPI স্থাপনাসমূহে পর্যাপ্ত নিরাপত্তার স্বার্থে Closed Circuit Camera এবং IP Surveillance System বসানো এবং কার্যকর করণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। সভাপতি বিদ্যুৎ বিভাগের প্রোগ্রামারকে প্রশাসন-২ শাখা হতে সকল KPI-এর তালিকা সংগ্রহ করার বিষয়ে নির্দেশনা প্রদান করেন এবং তালিকা অনুযায়ী সকল KPI-এর Closed Circuit Camera ও IP Surveillance System এর বর্তমান অবস্থা হালনাগাদ করার বিষয়ে পরামর্শ প্রদান করেন।

১১। প্রতিদিনের রিয়েল টাইম বিদ্যুৎ উৎপাদনের তথ্য বিদ্যুৎ বিভাগের ওয়েব পোর্টালে প্রদর্শনের বিষয়ে অন্তর্ভুক্তির বিষয়ে আলোচনা হয়। রিয়েল টাইম ডাটা পোর্টালে যুক্ত করার প্রক্রিয়া এবং সমস্যা/সম্ভাবনা একটি উপযুক্ত বেসরকারী প্রতিষ্ঠানের মাধ্যমে পরীক্ষা করে তার প্রতিবেদন আগামী ১৫ দিনের মধ্যে এ বিভাগে প্রেরণের জন্য পিজিসিবিকে অনুরোধ জানানো হয়।

১২। সভার বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

(ক) প্রতিটি বিতরণ দপ্তর/সংস্থা/কোম্পানি তাদের প্রধান কার্যালয়ে গ্রাহক অভিযোগ কেন্দ্র স্থাপন করবে যাতে গ্রাহক টেলিফোন, মোবাইল, ফ্যাক্স, ই-মেইল ও ক্ষুদে বার্তার মাধ্যমে বিদ্যুৎ বিষয়ক যেকোন অভিযোগ দাখিল করতে পারে। সকল দপ্তর/সংস্থা/কোম্পানি তাদের ওয়েবসাইটে কেন্দ্রীয় গ্রাহক অভিযোগ কেন্দ্রের ঠিকানা/নম্বর (মোবাইল/টেলিফোন/ই-মেইল) সংযোজন করবে।

বাস্তবায়নঃ- সকল বিতরণ সংস্থা/কোম্পানি।

(খ) বিদ্যুৎ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা/কোম্পানির গঠিত ইনোভেশন টিমের সভা নিয়মিত আহবান করতে হবে। ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী ২৪ ঘন্টার মধ্যে এ বিভাগের প্রোগ্রামারের ই- মেইলে প্রেরণ নিশ্চিত করতে হবে।

বাস্তবায়নঃ- প্রতিটি সংস্থা/কোম্পানির ইনোভেশন টিমের প্রধান।

(গ) দপ্তর/সংস্থা/কোম্পানির কর্মকর্তাদের জন্য ICT এর বিভিন্ন আইটেম (Hardware, Software, Networking ইত্যাদি) ভিত্তিক প্রশিক্ষণের Need Assessment প্রস্তুত করার জন্য আঞ্চলিক লোক প্রশাসন কেন্দ্র (আরপিএটিসি)/বিয়াম ফাউন্ডেশন/ইন্সস্টিটিউট অব ইঞ্জিনিয়ার্স/পরিকল্পনা একাডেমি ইত্যাদি প্রতিষ্ঠানের প্রশিক্ষণ সিডিউল সংগ্রহ করতে হবে। আগামী সভায় প্রোগ্রামার আইসিটি প্রশিক্ষণ মডিউল প্রস্তুতপূর্বক তা সভায় উপস্থাপন করবেন।

বাস্তবায়নঃ- প্রোগ্রামার, বিদ্যুৎ বিভাগ।

(ঘ) বিভিন্ন টেকনিক্যাল বিষয়ের বই, সাময়িকী, জার্নাল ইত্যাদি ডাউনলোড/পড়ার জন্য ওয়েবসাইটের কর্পোরেট ইউজার তৈরির পদক্ষেপ গ্রহণ করতে হবে। বিদ্যুৎ বিভাগের প্রোগ্রামার সার্বিক সহযোগিতা করবেন। এ বিষয়ে আগামী সভায় একটি অগ্রগতির প্রতিবেদন দাখিল করতে হবে।

বাস্তবায়নঃ- জনাব সাজিবুল হক, উপ-পরিচালক (এমআইএস), পাওয়ার সেল।

(ঙ) বিদ্যুৎ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা/কোম্পানির সকল জনবলের তথ্য আগামী ১৫ই সেপ্টেম্বর এর মধ্যে Unified PMIS এ এন্ট্রি শেষ করতে হবে। উক্ত সময়ের মধ্যেই অসম্পূর্ণ এন্ট্রি সংশোধন করে এন্ট্রির ব্যবস্থা করতে হবে।

বাস্তবায়নঃ- সকল দপ্তর/সংস্থা/কোম্পানি।

(চ) বিদ্যুৎ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা/কোম্পানিসমূহ অধিকতর জনবান্ধব করার লক্ষ্যে সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের নিকট হতে উদ্ভাবনী ধারনা নিয়মিত প্রাপ্তির উদ্দেশ্যে টেন্ডার বক্সের অনুরুপ ইনোভেশন বক্স চালু করতে হবে। সংগৃহীত নতুন আইডিয়াসমূহের মধ্য থেকে যাচাই বাছাইয়ের পর সবচেয়ে ভাল আইডিয়াদাতাকে পুরস্কার প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে।

বাস্তবায়নঃ- সকল দপ্তর/সংস্থা/কোম্পানি।

(ছ) সকল বিদ্যুৎ বিতরণ দপ্তর/সংস্থা/কোম্পানিকে অনলাইনে নতুন বিদ্যুৎ সংযোগের আবেদন গ্রহণ এবং নিস্পত্তি করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

বাস্তবায়নঃ- সকল বিদ্যুৎ বিতরণ দপ্তর/সংস্থা/কোম্পানি।

(জ) সকল দপ্তর/সংস্থা/কোম্পানি যাতে e-GP Portal এর মাধ্যমে Tender Process করতে পারে তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

বাস্তবায়নঃ- সকল দপ্তর/সংস্থা/কোম্পানি।

(ঝ) KPI স্থাপনাসমূহের পর্যাপ্ত নিরাপত্তা ব্যবস্থা জোরদার করণের লক্ষ্যে Closed Circuit Camera এবং IP Surveillance System স্থাপন বা কার্যকর রাখতে হবে। বিদ্যুৎ বিভাগের প্রোগ্রামার প্রশাসন-২ শাখা হতে সকল KPI-এর তালিকা সংগ্রহ করবে এবং তালিকা অনুযায়ী সকল KPI-এর Closed Circuit Camera ও IP Surveillance System এর বর্তমান অবস্থা হালনাগাদ প্রতিবেদন আগামী সভায় উপস্থাপন করবে।

বাস্তবায়নঃ- প্রোগ্রামার, বিদ্যুৎ বিভাগ।

(ঞ) প্রতিদিনের রিয়েল টাইম বিদ্যুৎ উৎপাদনের তথ্য বিদ্যুৎ বিভাগের ওয়েব পোর্টালে প্রদর্শনের বিষয়ে পিজিসিবি কে একটি উপযুক্ত বেসরকারী প্রতিষ্ঠানের মাধ্যমে তা পরীক্ষা করতে হবে। পরীক্ষার অগ্রগতি প্রতিবেদন আগামী ১৫ দিনের মধ্যে এ বিভাগে প্রেরণ করবেন।

বাস্তবায়নঃ- এনএলডিসি/পিজিসিবি।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

(মোঃ মাহবুব-উল-আলম)
অতিরিক্ত সচিব (প্রশাসন)